২৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা) ও টিম লিডার |
| তারিখ | : | ১২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. |
| সময় | : | বেলা ১১.০০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউনিটের ইনোভেশন টিমের সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জিল্লুর রহমান বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন। | বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়। | গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ইউনিট-এর ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন। | সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয়। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ৩য় ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট জানান, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সহজিকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক এবং সেবাটি চালু রেখে, ই-নথিতে নোট নিষ্পত্তিসহ তথ্য বাতায়ন হালনাগাদ করে আগামী ০৯ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে ৩য় ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা যায়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিকের কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন করে আগামী ০৯ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে ৩য় ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৩. | ইউনিটের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন। | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনার আওতায় সেবা ডিজিটাইজেশনের বিষয়ে আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট জানান, ইউনিটের কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলন/মঞ্জুরির সেবাটি ডিজিটাইজেশনের মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরে ১.১.১ | ইউনিটের কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলন/মঞ্জুরির সেবাটি ডিজিটাইজেশনের মাধ্যমে সম্পন্নের লক্ষ্যে পিপিআর-২০০৮ এ উল্লেখিত সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক সেবাটি ক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা, উপপরিচালক (প্রশাসন) |

২৬৫

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- | --- |
| | | কর্মসম্পাদন সূচকটি বাস্তবায়ন করা যায়। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সেবাটি ডিজিটাইজেশনের নিমিত্ত একটি এ্যাপস/সফটওয়্যার প্রস্তুত করা প্রয়োজন মর্মে একমত পোষণ করা হয়। এছাড়া পিপিআর-২০০৮-এ উল্লেখিত সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক সেবাটি সংগ্রহের বিষয়েও আলোচনা করা হয়। | | |
| ৪. | ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) | ফোকাল পয়েন্ট জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৩.১.১ অনুযায়ী আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের পরিকল্পনা রয়েছে। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইটি শাখার সঙ্গে যোগাযোগক্রমে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইটি শাখার সঙ্গে আলোচনাক্রমে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৫. | ই-নথিতে নোট নিষ্পন্নকরণ। | ফোকাল পয়েন্ট জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৪.১.১ অনুযায়ী ৮০% নথির নোট ই-নথিতে নিষ্পত্তির পরিকল্পনা রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা এবং আইন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণকে তাঁদের এখতিয়ারাধীন নথির ৮০% ই-নথিতে উপস্থাপনের জন্য একাধিকবার পত্র দেওয়া হয়েছে। ই-ফাইলিং এর জন্য স্ক্যানার অতি প্রয়োজনীয় ডিভাইস বিধায় উক্ত ডিভাইস ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা এবং আইন শাখায় জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক স্ক্যানার ক্রয়পূর্বক বিভিন্ন শাখায় সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৬. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রথম কর্মশালা আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ কার্যক্রমের ৬.১.২ কর্মসম্পাদন সূচক অনুযায়ী চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক দুটি কর্মশালা/সভা/সেমিনার আয়োজনসহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা রয়েছে। ফোকাল পয়েন্ট জানান, আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ইউনিটের সভাকক্ষে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষায় করণীয় বিষয়ে প্রথম কর্মশালাটি অনুষ্ঠিত হবে। | আগামী এপ্রিল ২০২৪ মাসে ইউনিটের সভাকক্ষে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ২য় কর্মশালাটি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) |

২৫৪

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৭. | বিবিধ। | ত্রৈমাসিক ভিত্তিতে ইউনিটের তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপপরিচালক (প্রশাসন) এর তত্ত্বাবধানে জনাব মোঃ জসিম উদ্দিন, কম্পিউটার অপারেটর-কে ইউনিটের তথ্য বাতায়ন হালনাগাদসহ এতৎসংক্রান্ত প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ ও মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে অধিকতর যত্নবান হওয়ার পরামর্শ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা, উপপরিচালক (প্রশাসন) |

৩। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০২/২০২৪

মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশা ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.২০১৮. ০৮৫/১

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), ............ ......। এ ইউনিট।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫। জনাব/বেগম ..........................., এ ইউনিট।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৯.০২.২০২৪

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com